

Official Spokesperson's response to a media query on the recent developments in the India-China Border Areas

September 01, 2020

ভারত-চিন সীমান্ত এলাকায় সাম্প্রতিক ঘটনাবলীর উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া সেপ্টেম্বর 01, 2020

ভারত-চিন সীমান্ত এলাকায় সাম্প্রতিক ঘটনাবলীর উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে বিদেশ মন্ত্রকের সরকারি মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন

“আপনারা জানেন যে, গত তিনমাস ধরে ভারত-চিন সীমান্তের পরিস্থিতির মীমাংসা করার জন্য ভারত এবং চিন কূটনৈতিক এবং সামরিক চ্যানেলের মাধ্যমে নিবিড়ভাবে নিয়োজিত রয়েছে। এটাও স্মরণে রাখতে হবে যে, এর আগে দুইজন বিদেশ মন্ত্রী এবং দুইজন বিশেষ প্রতিনিধি নিজেদের মধ্যে সহমত হয়েছিলেন যে, পরিস্থিতিকে দ্বায়িত্বশীলতার সাথে সামাল দিতে হবে এবং কোনোপক্ষেরই কোনোপ্রকারের প্ররোচনা মূলক কাজ করা অথবা সমস্যাকে বৃদ্ধি করা উচিত হবেনা এবং দ্বিপাক্ষিক চুক্তি ও প্রোটোকল অনুযায়ী শান্তি এবং স্থিরতা বজায় রাখাকে সুনিশ্চিত করতে হবে”।

“তথাপি চিনের তরফ থেকে এই সমঝোতাকে ভঙ্গ করা হয়েছে এবং প্যাংগং লেকের দক্ষিণ প্রান্তের স্থিতাবস্থাকে বদলাবার চেষ্টায় 29 শে এবং 30 শে অগাস্টের গভীর রাতে উস্কানিমূলক সামরিক গতিবিধি পরিচালনা করেছে। গতকাল ভারতীয় সৈন্যবাহিনীর তরফ থেকে জানানো হয়েছে যে, ভারতের তরফ থেকে এই প্ররোচনামূলক গতিবিধির বিরুদ্ধে প্রতিক্রিয়া করা হয়েছে এবং আমাদের স্বার্থকে সুরক্ষিত রাখতে ও রাষ্ট্রীয় অখন্ডতাকে রক্ষা করার জন্য প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর যথাযথ প্রতিরক্ষামূলক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অধিকন্তু; এমনকি গতকাল 31শে অগাস্ট তারিখে যখন দুই পক্ষের স্থল সেনাপতীরা গভীর পরিস্থিতিকে হ্রাস করার জন্য আলোচনায় নিযুক্ত ছিলেন সেইসময় চিনা বাহিনী আবার প্ররোচনা মূলক কাজে লিপ্ত হয়। ভারতের তরফ থেকে সময়োচিত প্রতিরক্ষামূলক পদক্ষেপ গ্রহণের দ্বারা একতরফাভাবে স্থিতাবস্থাকে ভঙ্গ করার চেষ্টাকে প্রতিরোধ করা সম্ভব হয়েছে”।

“এই বছরের গোড়ার দিক থেকে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর চিনের ক্রিয়াকলাপ এবং আচরণ, সীমান্তে শান্তি ও স্থিরতা বজায় রাখার দুই দেশের মধ্যে সম্পূর্ণ হওয়া দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটোকলকে স্পষ্টত লঙ্ঘন করেছে। এই ধরনের ক্রিয়াকলাপগুলি দুই দেশের বিদেশমন্ত্রীদের এবং সেই সাথে বিশেষ প্রতিনিধিদের মধ্যে সম্পন্ন হওয়া সমঝোতাকেও পুরোপুরি অসম্মান করা”।

“আমরা কূটনৈতিক এবং সামরিক চ্যানেলের মাধ্যমে চিনের তরফের সাম্প্রতিক প্ররোচনা মূলক ও আক্রমণাত্মক ক্রিয়াকর্মের বিষয়টিকে উত্থাপন করেছি এবং এই ধরনের উস্কানিমূলক ক্রিয়াকর্ম করার

থেকে তাদের সামনের সারির সৈন্যবাহিনীকে বশে রাখতে এবং নিয়ন্ত্রণ করতে আমরা তাদের অনুরোধ করেছি”।

“ভারত শান্তিপূর্ণ আলাপআলোচনার মাধ্যমে পশ্চিম ক্ষেত্রে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর সমস্ত জমে থাকা বিষয়গুলির সমাধান করতে দৃঢ় অঙ্গীকারবদ্ধ। এই প্রসঙ্গে, আমরা আশা রাখি যে, পূর্ব নির্ধারিত সমঝোতাকে চিন আন্তরিকতার সাথে মেনে চলবে এবং পরিস্থিতির সমাধানের লক্ষ্যে অকপটভাবে ভারতের সাথে কাজ করবে ও সীমান্ত এলাকায় শান্তি এবং স্থিরতাকে পুনরুদ্ধার করবে”।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 01,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.